# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৬৭

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - গরীবদের ফযীলত ও নবী (সা.) -এর জীবন-যাপন

اَلْفصْلُ الثَّالِثُ - (بَابُ فَضْلِ الْفُقَرَاءِ وَمَا كَانَ مِنْ عَيْشِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ)

## আরবী

وَعَن ابنِ عمَرَ قَالَ: مَا شبِعنا من تمر حَتَّى فتحننا خَيْبَرَ. رَوَاهُ الْبُخَارِيُّ

رواه البخارى (4243) ـ

(صَحِيح)

## বাংলা

৫২৬৭-[৩৭] ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, খায়বার জয় করা পর্যন্ত আমরা খেজুর দ্বারাও পরিতৃপ্ত হইনি। (বুখারী)

## ফুটনোট

সহীহ বুখারী ৪২৪৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যা : আবদুল্লাহ ইবনু উমার (রাঃ)-এর কথা আমরা খেজুর দ্বারা পরিতৃপ্ত হইনি' এ ‘আমরা' দ্বারা ‘উমার (রাঃ)-এর পরিবারের সদস্যদের বুঝানো হয়েছে।

মুল্লা ‘আলী আল ক্বারী (রহিমাহুল্লাহ) বলেন, এর অর্থ হলো :(نَحْنُ مَعْشَرَالصَّحَابَةِ مَعَهٗ صلَّى اللّٰهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ) আমরা সমস্ত সাহাবী এবং আমাদের সাথে স্বয়ং রাসূলুল্লাহ (সা.) - নিজেও। রাসূলুল্লাহ (সা.) ও তার পরিবার পরিজনও এর অন্তর্ভুক্ত, এটাই বাস্তব। (মিরকাতুল মাফাতীহ; আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩২১ )

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85246

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন